

হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

হালিশহর সেনানিবাস, চট্টগ্রাম।

তারিখ: ০৯ সেপ্টেম্বর ২০২০

২০২০-২০২১ শিক্ষাবর্ষে কলেজ শাখায় একাদশ শ্রেণিতে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সূচী, ভর্তি ফি ও অন্যান্য তথ্য সংক্রান্ত বিজ্ঞপ্তি।

১। শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে আগামী ১৩ সেপ্টেম্বর হতে ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখ পর্যন্ত প্রতিষ্ঠানে ভর্তি কার্যক্রম চলবে। চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

ক। সময়সূচী।

তারিখ ও বার	সকাল ১০০০ ঘটিকা হতে ১৩৩০ ঘটিকা পর্যন্ত
১৩-০৯-২০২০, রবিবার	বিজ্ঞান - বালিকা (বাংলা ভাষা)
১৪-০৯-২০২০, সোমবার	বিজ্ঞান - বালক (বাংলা ভাষা)
১৫-০৯-২০২০, মঙ্গলবার	ব্যবসায় শিক্ষা- বালিকা (বাংলা ভাষা)
১৬-০৯-২০২০, বুধবার	ব্যবসায় শিক্ষা- বালক (বাংলা ভাষা)
১৭-০৯-২০২০, বৃহস্পতিবার	বিজ্ঞান-বালক ও বালিকা (ইংরেজি ভাষা)

খ। ভর্তির সময় যে সকল নথিপত্র উপস্থাপন করতে হবে।

(১) প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.hcpsc.edu.bd) হতে অফসেট পেপারে উভয় পৃষ্ঠায় ভর্তি ফরম ডাউনলোড করে প্রতিষ্ঠানে আসার পূর্বেই তা সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানে জমা করতে হবে।

(২) এসএসসির পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র প্রদর্শন করতে হবে। উল্লেখ্য কোভিড-১৯ মহামারির উন্নতি হলে সুবিধাজনক সময়ে একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রসহ প্রয়োজনীয় নথিপত্র জমা নেয়া হবে।

(৩) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ০৪ (চার) কপি ছবি জমা দিতে হবে।

(৪) এছাড়া কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে কোটা সংক্রান্ত প্রয়োজনীয় সনদপত্র/কাগজপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে।

গ। ভর্তির সময় ফি প্রদান সংক্রান্ত তথ্য।

(১) ভর্তির সময় নিম্নবর্ণিত ফি জমা প্রদান করতে হবেঃ

বিজ্ঞান শাখার জন্য প্রযোজ্য		ব্যবসায় শিক্ষা শাখার জন্য প্রযোজ্য	
ফি সমূহের বিবরণ	টাকার পরিমাণ	ফি সমূহের বিবরণ	টাকার পরিমাণ
ভর্তি ফি	৩০০০/-	ভর্তি ফি	৩০০০/-
উন্নয়ন ফি	১৫০০/-	উন্নয়ন ফি	১৫০০/-
সেপ্টেম্বর মাসের মাসিক ফি	২৫৫০/-	সেপ্টেম্বর মাসের মাসিক ফি	২৩৫০/-
সর্বমোট টাকা	৭,০৫০/-	সর্বমোট টাকা	৬,৮৫০/-

(২) উক্ত ফি সমূহ প্রতিষ্ঠানের নীচতলায় ট্রাস্ট ব্যাংকের বুথের মাধ্যমে পরিশোধ করে ভর্তি নিশ্চিত করতে হবে।

(৩) প্রতিষ্ঠানের নীচতলা হতে নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে প্রতিষ্ঠানের নির্ধারিত খাতা ক্রয় করা যাবে।

(৪) ট্রাস্ট ব্যাংকের টি-ক্যাশের মাধ্যমে মাসিক টিউশন ফি প্রদান করতে হবে বিধায় সকলকে টি-ক্যাশ একাউন্ট খুলতে হবে। প্রতিষ্ঠানের নীচতলায় ট্রাস্ট ব্যাংকের বুথের মাধ্যমে টি-ক্যাশ একাউন্ট খোলা যাবে।

ঘ। অন্যান্য নির্দেশিকা।

(১) একজন শিক্ষার্থী সর্বোচ্চ একজন অভিভাবকসহ স্বাস্থ্যবিধি মেনে অবশ্যই মাস্ক পরিধান করে যথাসময়ে ভর্তির প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রতিষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

(২) দুই সপ্তাহের মধ্যে কারো করোনা ভাইরাস/কোভিড-১৯ এর লক্ষণ পরিলক্ষিত হলে বা শরীরের তাপমাত্রা স্বাভাবিক এর বেশি হলে প্রতিষ্ঠানে না আসার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে অন্য কোন অভিভাবক শিক্ষার্থীর প্রয়োজনীয় নথিপত্রসহ প্রতিষ্ঠানে এসে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন।

(৩) ভর্তি কমিটির দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ বিভিন্ন বুথে বসে প্রয়োজনীয় নথিপত্র চেক করবেন এবং ভর্তির ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

(৪) বর্তমান পরিস্থিতিতে অনলাইনে ক্লাস পরিচালিত হবে বিধায় শিক্ষার্থী ও অভিভাবকগণকে ভর্তির দিন সংশ্লিষ্ট বুথ থেকে অনলাইন ক্লাস সংক্রান্ত বিষয়ে বিস্তারিত জেনে নিতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর, ফেইসবুক আইডি ও হোয়াটসএ্যাপ আইডি ইত্যাদি সংশ্লিষ্ট বুথে জমা দিতে হবে।

(৫) এছাড়া প্রতিষ্ঠানের অন্যান্য তথ্য, সাধারণ নির্দেশিকা ইত্যাদি, শ্রেণি শিক্ষক ও প্রতিষ্ঠানের ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে।

কর্তৃপক্ষ